“একটাই লক্ষ্য হতে হবে দক্ষ”

দক্ষতা নিজের সম্পদ
দক্ষ জনশক্তি দেশের সম্পদ


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
[প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়]
**কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র(টিটিসি), রাউজান, চট্টগ্রাম**
চিকদাইর, রাউজান, চট্টগ্রাম।
web : www.ttcraozan.chittagong.gov.bd


নং : ৪৯.০১.১৫৭৪.০০০.১৮.০২৭.২৪.৩২২

তারিখ : ১৯/১২/২০২৪ খ্রিঃ

# ASSET প্রকল্পের আওতায় সম্পূর্ণ ফ্রি প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতাধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), রাউজান, চট্টগ্রাম-এ Ministry Affiliated শর্ট কোর্স সমূহে সরকারি খরচে শুধুমাত্র বেকার যুব পুরুষ ও মহিলা, অনগ্রসর, হতদরিদ্র, সুবিধা বঞ্চিত, উপজাতি এবং প্রতিবন্ধীদের কর্মসংস্থানের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্পের অর্থায়নে সম্পূর্ণ বিনা খরচে ০৩ মাস/৩৬০ ঘন্টা মেয়াদী ফ্রেরুয়ারি-এপ্রিল/২০২৫ খ্রিঃ সেশনে ৪র্থ সাইকেলে নিম্নবর্ণিত কোর্সসমূহে প্রশিক্ষণার্থী ভর্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | ট্রেড/অকুপেশনের নাম | কোর্সের মেয়াদ | NTVQF লেভেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | বয়স সীমা | আসন সংখ্যা | যোগাযোগ |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | সুইং মেশিন অপারেশন | ফ্রেরুয়ারি-এপ্রিল/২০২৫ | NTVQF Level-2 | জেএসসি/৮ম শ্রেণী/জেডিসি | ১৮-৪৫ বৎসর | ২৫ টি | ০১৭৩২৯০৩০৯৪ |
| ২। | ব্লক বাটিক এন্ড স্ক্রিন প্রিন্টিং | ফ্রেরুয়ারি-এপ্রিল/২০২৫ | NTVQF Level-2 | জেএসসি/৮ম শ্রেণী/জেডিসি | ১৮-৪৫ বৎসর | ২৫ টি | ০১৮৪৬৭৮৩১৫১ |
| ৩। | কম্পিউটার অপারেশন | ফ্রেরুয়ারি-এপ্রিল/২০২৫ | NTVQF Level-3 | এসএসসি/সমমান | ১৮-৪৫ বৎসর | ২৫ টি | ০১৭১৬১৬৮৮২২ |
| ৪। | গ্রাফিক্স ডিজাইন | ফ্রেরুয়ারি-এপ্রিল/২০২৫ | NTVQF Level-3 | এসএসসি/সমমান (কম্পিউটার জানা আবশ্যক) | ১৮-৪৫ বৎসর | ২৫ টি | ০১৭১৬১৬৮৮২২ |
| ৫। | ইলেকট্রিক্যাল ইনস্টলেশন এন্ড মেইনটেন্যান্স | ফ্রেরুয়ারি-এপ্রিল/২০২৫ | NTVQF Level-2 | জেএসসি/৮ম শ্রেণী/জেডিসি | ১৮-৪৫ বৎসর | ২৫ টি | ০১৮৫৪৬১৭২১৩ |

**ফরম সংগ্রহ ও জমাদানের তথ্যাদি ঃ**

| | | |
|---|---|---|
| ভর্তি ফরম সংগ্রহ ও জমাদানের তারিখ | : | ১৯ ডিসেম্বর,২০২৪ খ্রিঃ হতে ১৯জানুয়ারি,২০২৫ খ্রিঃ পর্যন্ত |
| ভর্তি পরীক্ষা/সাক্ষাৎকার | : | ২০ জানুয়ারি, ২০২৫ খ্রিঃ তারিখ সকাল : ৯:০০ টা। |
| ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ | : | ২০ জানুয়ারি,২০২৫ খ্রিঃ (নোটিশ বোর্ড, ফেসবুক পেজ ও ওয়েব সাইটে বিকাল ৫:০০ ঘটিকার পর পাওয়া যাবে)। |
| ভর্তির তারিখ | : | ২১ জানুয়ারি,২০২৫ খ্রিঃ হতে ২৩ জানুয়ারি, ২০২৫ খ্রিঃ |
| অপেক্ষমান তালিকা হতে ভর্তি | : | ২৬ জানুয়ারি,২০২৫ খ্রিঃ (আসন খালি থাকা সাপেক্ষে) |
| প্রশিক্ষণ শুরু | : | ০২ ফ্রেরুয়ারি,২০২৫ খ্রিঃ (দুপুর ১২.০০ ঘটিকা হতে) |

**আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্রাদি জমা দিতে হবে**

(১) শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের ফটোকপি (২) ২০ বছরের অধিক বয়সীদের জন্য জাতীয় পরিচয়পত্র (NID) ০১ কপি অথবা প্রযোজ্য ক্ষেত্রে ১৮-১৯ বছর বয়সীদের জন্য অনলাইন জন্মনিবন্ধন ০১ কপি। (৩) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি। মূল সনদপত্র (ভর্তির সময় জমা দিতে হবে)। (৪) বিদেশে চাকরি প্রার্থীদের পাসপোর্টের ফটোকপি। (৫) পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের কপি।

**সুযোগ-সুবিধা ও ভর্তির শর্তসমূহ :** (১) নিয়মিত উপস্থিতির ভিত্তিতে প্রতিমাসে ১৫০০/- হারে (পুরুষ) এবং ২০০০/- টাকা হারে (মহিলা/প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী)) প্রশিক্ষণ ভাতা এবং দৈনিক ১০০/- টাকা হারে যাতায়াত ভাতা (বাজেট বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে) প্রদান করা হবে। (২) প্রশিক্ষণার্থীদের উপস্থিতি অনলাইন বেইজড ফেসিয়াল রিকগনিশন ক্যামেরা এবং বায়োমেট্রিক হাজিরার মাধ্যমে নিশ্চিত করা হবে। (৩) ক্লাশে শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং প্রত্যহ ৬ ঘন্টা ক্লাশ করতে হবে। (৪) আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট পেশায় কর্মসংস্থানে আগ্রহী হতে হবে। (৫) মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, হতদরিদ্র, সুবিধাবঞ্চিত, এতিম ও মুক্তিযোদ্ধার সন্তানরা অগ্রাধিকার পাবে। (৬) ইতিপূর্বে যারা সংশ্লিষ্ট অকুপেশনে/ট্রেডে Level-1 সম্পন্ন করেছেন তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।(৭) BMET/NSDA এর আওতায় NTVQF/BNFQ Level Assessment এ আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে। (৮) ভর্তির জন্য আবেদন ফরম টিটিসির ওয়েব সাইট www.ttcraozan.chittagong.gov.bd অথবা ফেইজবুক পেইজ https://www.facebook.com/raozanttc হতে ডাউনলোড করে কাগজে প্রিন্ট করে অথবা সরাসরি কেন্দ্রের প্রশিক্ষণ শাখা হতে ফরম সংগ্রহ করে পূরণ পূর্বক কেন্দ্রের প্রশিক্ষণ শাখায় নির্ধারিত সময় ও তারিখের মধ্যে জমা দিতে হবে।

**বিঃ দ্রঃ কলেজ/ভার্সিটিতে নিয়মিত অধ্যায়নরত ছাত্র/ছাত্রী এবং ইতিপূর্বে ASSET প্রকল্পের অধীনে প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি সম্পূর্ণ বাতিল বা সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।**

১৯/১২/২০২৪
(শ্যামল বড়ুয়া)
অধ্যক্ষ
কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাউজান, চট্টগ্রাম
Email: raozanttc@gmail.com

| বিস্তারিত তথ্যের জন্য কেন্দ্রের প্রশিক্ষণ শাখায় যোগাযোগ করুন |
|---|
| মোবাইল : ০১৬৭০৮৩৯৭৯২, ০১৮৪৬৭৮৩১৫১, ০১৬২২১৮৬২৩৪ |